

■ হাদীস সম্মান

হাদীস নাম্বারঃ ২১৮২

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ তর্ক-বিতর্ক বিষয়ক হাদীসসমূহ

আরবী

عَنْ أَبِي أُمَّامَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا ضَلَّ قَوْمٌ بَعْدَ هُدًى كَانُوا عَلَيْهِ إِلَّا أُوتُوا
الْجَدَلَ ثُمَّ قَرَأُوا مَا ضَرَبُوهُ لَكَ إِلَّا جَدَلًا بَلْ هُمْ قَوْمٌ خَصِيمُونَ

বাংলা

(২১৮২) আবু উমামা (রাঃ) হতে বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ”হেদায়াতপ্রাপ্তির পর যে জাতিই পথভ্রষ্ট হয়েছে সেই জাতির মধ্যেই কলহ-প্রিয়তা প্রক্ষিপ্ত হয়েছে।” অতঃপর তিনি এই আয়াত পাঠ করলেন।

مَا ضَرَبُوهُ لَكَ إِلَّا جَدَلًا، بَلْ هُمْ قَوْمٌ خَصِيمُونَ

অর্থাৎ, তারা তোমার সামনে যে উদাহরণ পেশ করে তা কেবল বিতর্কের জন্যই করে। বস্তুতঃ তারা হল এক বিতর্ককারী সম্প্রদায়।

ফুটনোট

(সূরা যুখরুফ ৫৮, আহমাদ ২২১৬৪, ২২২০৪, তিরমিয়ী ৩২৫৩, ইবনে মাজাহ ৪৮, ইবনে আবিদুন্য্যা, সহীহ তারগীর ১৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু উমামাত্ বাহিলী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65930>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন